জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com
সভা নং- "৫৪"

**এপ্রিল /২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছা: সবুর আলী, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | : | জয়পুরহাট পৌরসভার সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ২১ এপ্রিল ২০২৫ খ্রি: |
| রোজ | : | মঙ্গলবার। |
| সময় | : | বৈকাল ৩.৩০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

| ক্রম | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ | সভায় গত মার্চ' ২০২৫ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়, এতে কারো কোন প্রকার সংশোধনী আছে কি না সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | সভায় গত মার্চ' ২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্য বিবরণীতে কোন প্রকার সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০২ | মাসিক আয় ব্যয় পর্যালোচনা ও অনুমোদন। | গত মার্চ' ২০২৫ মাসের ব্যয় বিবরণী হিসাব রক্ষণ কর্মকর্তা সভায় পাঠ করে শুনান। | গত মার্চ' ২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিলসমূহ ও আয় সঠিক থাকায় তা পরিশিষ্ট খ'তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) ও হিসার রক্ষণ কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা। |
| ০৩ | জয়পুরহাট পৌরসভার উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা। | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলির মধ্যে বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধীনে ১২ টি প্যাকেজের মধ্য ১২ টি প্যাকেজের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে, লোকাল গর্ভরমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধীনে ৩য় পর্যায়ের ১টি প্যাকেজের কাজ চলমান ও ৪র্থ পর্যায়ের ৬টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। | জয়পুরহাট পৌরসভার চলমান প্রকল্পগুলির প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী চলমান প্রকল্পগুলির কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| ০৪ | জয়পুরহাট পৌরসভা ধীন ট্রাক টার্মিনাল ইজারার লক্ষ্যে আরিফুর রহমান এর আবেদন বিষয়ে আলোচনা | সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: আরিফুর রহমান এর আবেদনপত্র সভায় পাঠ করে শুনান। আবেদন দৃষ্টে জানা যায় যে, জয়পুরহাট জেলা ট্রাক ও ট্যাংকলড়ী, কাভার্ড ভ্যান, মিনিবাস শ্রমিক ইউনিয়নের রেজিষ্ট্রার নং-১৫৪৪/ রাজ দীর্ঘদিন ধরে জয়পুরহাট জেলার ট্রাক টার্মিনালটি অচল অবস্থায় আছে। যার ফলে পৌরসভা আর্থিক আয় হতে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় ট্রাক টার্মিনালটি বাৎসরিক বা মাসিক ভিত্তিতে অথবা ১লা মে ২০২৫ হতে ৩০শে জুন ২০২৫ পর্যন্ত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভাধীন ট্রাক টার্মিনালটি ১লা মে ২০২৫ হতে ৩০শে জুন ২০২৫ সমুদয় সময়ের জন্য উন্মুক্ত আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) |
| ০৫ | অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর ল্যামগ্রান্ড প্রদান প্রসঙ্গে | সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার অবসরপ্রাপ্ত ০৭ জন কর্মকর্তা/কর্মচারীদের ল্যামগ্রান্ড বকেয়া রয়েছে যাহা পরিশোধ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার অবসরপ্রাপ্ত ০৭ জন কর্মকর্তা/কর্মচারীর সমুদয় ল্যামগ্রান্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর আনুতোষিক প্রদান। | সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের আনুতোষিক বকেয়া রয়েছে যাহা পরিশোধ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া আনুতোষিক হতে আপাতত ২০% হারে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পূর্ণাঙ্গভাবে আনুতোষিক ও পিএফ এর হিসাব উপস্থাপনের জন্য নিম্নোক্ত ভাবে সাব কমিটি গঠন করা হলো। কমিটিকে আগামী মাসিক সভার পূর্বে হিসাব দাখিল করার জন্য অনুরোধ করা হলো।<br><br>সাব-কমিটি:<br>০১। আবু জাফর মো: রেজা আহ্বায়ক<br>পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:)<br>০২। মো: নজরুল ইসলাম, এও সদস্য<br>স্থানীয় সরকার শাখা ডি,সি অফিস, জয়পুরহাট<br>০৩। মোছা: শাম্মী আক্তার সদস্য<br>হিসাব রক্ষক, জয়পুরহাট পৌরসভা<br>০৪। মো: মাহমুদুল ইসলাল সদস্য<br>অবসরপ্রাপ্ত হিসাব সহকারী, পৌরসভা।<br>০৫। মো: সাজ্জাদুর রহমান সদস্য<br>স্বাস্থ্য সহকারী, জয়পুরহাট পৌরসভা। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) |
| ০৭ | **বিবিধ:**<br>ক) ভূমি উন্নয়ন করের বিল প্রদান প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা জয়পুরহাট পৌর ভূমি অফিস জয়পুরহাট সদর এর ০৭/০৪/২০২৫ তারিখের ১১-০১/২০২৫-২৭৭ নং স্মারকপত্রটি সভায় পাঠ করে শুনান। পত্র দৃষ্টে জানা যায় যে, জয়পুরহাট পৌরসভার অধীনস্থ জমির ভূমি উন্নয়ন করের সংশোধিত বিল ৯,৩৪,৩৭৭/- (নয় লক্ষ চৌত্রিশ হাজার তিনশত সাতাত্তর টাকা) মাত্র। পরিশোধের জন্য আবেদন করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার অধীনস্থ জমির ভূমি উন্নয়ন করের সংশোধিত বিল ৯,৩৪,৩৭৭/- (নয় লক্ষ চৌত্রিশ হাজার তিনশত সাতাত্তর টাকা) মাত্র। পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) |
| | খ) জয়পুরহাট পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের প্লাস্টিক হেলমেট, এ্যাপ্রোন, গাম্বুট ও রেইনকোট ক্রয় প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য ১৪৯ টি প্লাস্টিক হেলমেট, ১৪৯ টি এ্যাপ্রোন, ১৪৯ জোড়া গাম্বুট ও ১৪৯ টি রেইনকোট ক্রয় করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য ১৪৯ টি প্লাস্টিক হেলমেট, ১৪৯ টি এ্যাপ্রোন, ১৪৯ জোড়া গাম্বুট ও ১৪৯ টি রেইনকোট ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| | গ) নতুনহাটের ছাগল হাটিতে সেমিপাকা একটি ছাগল টিনসেড সেড নির্মাণ ও গরুহাটির বিভিন্ন স্থানে নিচু জায়গায় সলিং করণ এবং ইটের ড্রেন নির্মাণ বিষয়ে আলোচনা। | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, নতুনহাট ছাগল হাটিতে সেমিপাকা একটি ছাগল টিনসেড নির্মাণ ও গরুহাটির বিভিন্ন স্থানে নিচু জায়গায় সলিং করণ এবং ইটের ড্রেন বর্ষা মৌসুমের পূর্বে জরুরী ভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভাধীন নতুনহাট ছাগল হাটিতে সেমিপাকা একটি ছাগল টিনসেড নির্মাণ ও গরুহাটির বিভিন্ন স্থানে নিচু জায়গায় সলিং করণ এবং ইটের ড্রেন বর্ষা মৌসুমের পূর্বে জরুরী ভিত্তিতে নির্মাণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। ছাগল সেডের নির্মাণ প্রাক্কলন ব্যয়- ১৯,০৮,৪৭৩/- এবং সলিং সহ ড্রেন নির্মাণের প্রাক্কলন ব্যয় ৮,৪২,০৯০/- টাকা। (প্রাক্কলন সংযুক্ত) উক্ত অর্থ রাজস্ব (হাটবাজার) তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| | ঘ) জয়পুরহাট পৌর এলাকার গুলশান মোড় পাইকারি বাজার ইজারা বিষয়ে আলোচনা। | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, জয়পুরহাট পৌর এলাকার গুলশান মোড় পাইকারি বাজার ইজারা প্রদানের লক্ষে ১৫/০১/২০২৫ ইং তারিখে ০৫/২০২৪-২০২৫ নং বিজ্ঞপ্তি জারি করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, উপজেলা | জয়পুরহাট পৌর এলাকার গুলশান মোড় পাইকারি বাজার ইজারা না হওয়ায় পৌর দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ০২ নং ধারার ২.১০ অনুচ্ছেদ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্বাহী অফিসারের কার্যালয়, জয়পুরহাট হতে ২০/০৩/২০২৫ ইং তারিখ পর্যন্ত সিডিউল বিক্রয় করা হয় এবং ২৩/০৩/২০২৫ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, জয়পুরহাট এ দরপত্র গ্রহণ করা হয়। জয়পুরহাট পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে ০২ (দুই) টি দরপত্র পাওয়া যায় । সর্বোচ্চ দরদাতা মোঃ নূর কুতুবুল আলম, পিতা: মৃত লোকমান হোসেন, মাতা: মৃত আনোয়ারা বেগম, বুলুপাড়া, জয়পুরহাট তার দেয় দর সর্বোচ্চ ৫৩,১০০ (তেপ্পান্ন হাজার একশত টাকা) মাত্র। যা প্রস্তাবিত সরকারি মূল্য ৯,৪৬,৯০০/- (নয় লক্ষ ছেচল্লিশ হাজার নয়শত) টাকার চেয়ে কম। উল্লেখিত বাজারটি ইতিপূর্বে কোনদিন ইজারার আওতায় ছিল না। স্থানটিতে বাজার চালু করার লক্ষ্যে এবারই প্রথম দরপত্র আহ্বান করা হয়েছে। পাট, কলা ও কাঁচা হলুদ কেনাবেচা হতো কিন্তু পাটের বাজার কুঠিবাড়ী ব্রীজ এবং কলার বড় বাজার দূর্গাদহ হাটে পাইকারি কেনাবেচা হওয়ায় এখানে পাট ও কলা তেমন কেনাবেচা না হওয়ায় ইজারা বিজ্ঞপ্তি মোতাবেক প্রথমবার একজন মাত্র দরপত্র দাখিল করেন। তার দাখিলকৃত দর ৪০,০০০/- (চল্লিশ হাজার টাকা) মাত্র। দ্বিতীয়বার কোন দরপত্র বিক্রয় হয়নি। তৃতীয়বার দুইটি মাত্র দরপত্র বিক্রয় হয় এবং দরপত্র বাক্সে দুটি দরপত্র দাখিল হয়। সর্বোচ্চ দর ৫৩,১০০ (তেপ্পান্ন হাজার একশত টাকা) মাত্র। দর বেশি হওয়ার সম্ভাবনা না থাকায় সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ০২ নং ধারার ২.১০ অনুচ্ছেদ মোতাবেক খাস আদায়ের জন্য পৌরসভার দরপত্র মূল্যায়ন কমিটি প্রশাসক, জয়পুরহাট পৌরসভা বরাবর সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | এবং ৪.৩ মোতাবেক পৌরসভার অধিভূক্ত হাটবাজারের ক্ষেত্রে খাস আদায় কমিটি নিম্নরূপ ভাবে গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>(ক) প্রশাসক সভাপতি<br>(খ) জেলা প্রশাসকের প্রতিনিধি সদস্য<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার সদস্য কর্তৃক একজন মনোনীত কর্মকর্তা<br>(ঘ) মো: রুহুল আমিন, সদস্য পৌর কাউন্সিল সদস্য<br>(ঙ) মোছা: রাহেলা পারভীন সদস্য পৌর কাউন্সিল সদস্য<br>(চ) মোঃ মিজানুর রহমান, সদস্য সহ:প্রকৌ:<br>(ছ) মো: নূর কুতুবুল আলম সদস্য সর্বোচ্চ দরদাতা<br>(ছ) আবু জাফর মো: রেজা, সদস্য-সচিব পৌনিক: | |
| | ঙ) আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ভি,জি,এফ বিতরণের তালিকা প্রস্তুত প্রসঙ্গে | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন আগামী পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ভি, জি, এফ বিতরণের অগ্রীম তালিকা প্রস্তুত করতে পারলে ঈদুল আযহার সময়ে ভি, জি, এফ কার্যক্রম করা সহজ হবে। সেই লক্ষে অগ্রীম তালিকা প্রস্তুত করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে বরাদ্দের পরিমান ৪৬.২২১ মেট্রিক টন যা ৪৬২১ টি কার্ডের বিপরীতে বিতরণ করা হয়েছে। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে সুষ্ঠু ও সুন্দরভাবে ভিজিএফ বিতরণের জন্য ৪৬২১ টি কার্ড সমভাবে প্রতিটি ওয়ার্ডে প্রশাসকের কর্মসম্পাদন সহায়তা সদস্যগণ পৌরসভার সহায়ক কর্মকর্তা/কর্মচারীগণের সহযোগিতায় তালিকা প্রস্তুত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সমাজ উন্নয়ন কর্মকর্তা |
| | চ) কাউন্সিলরের দায়িত্ব হিসেবে ওয়ার্ড পরিবর্তন প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে ০১ নং ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর সদস্য ও উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট জানান যে, তার অফিস ০১ নং ওয়ার্ড হতে স্থানান্তর করে ০৭ নং ওয়ার্ডের হাউজিং এস্টেট এ বদলী হওয়ায় ওয়ার্ডের কর্মসম্পাদন করতে সমস্যা হচ্ছে। এমতাবস্থায় ০৭ নং ওয়ার্ডের দায়িত্ব দেয়া হলে জনসেবা দেয়া সুবিধা হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ০১ নং ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর ও ০৭ নং ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরের সহিত আলোচনার প্রেক্ষিতে জনস্বার্থে পৌরসভার কর্ম সম্পাদনের সুবিধার্থে ০১ নং ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর সদস্য ও উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর'কে ০৭ নং ওয়ার্ডের দায়িত্ব এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কে ০১ নং ওয়ার্ডের দায়িত্ব পালনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) |

| | | | |
|---|---|---|---|
| ছ) অটোরিক্সার লাইসেন্স ফি পুণ:নির্ধারণ প্রসঙ্গে | সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, টাউন সার্ভিস (লাল, সবুজ) ও টাউন সার্ভিসের বাহিরে (হলুদ) চলাচলকারী অটোরিক্সার পূর্বের নবায়ন ফি ১৮০০ ও নতুন ফি ২১০০ টাকা নির্ধারণ ছিল। অটোরিক্সার শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ জানিয়েছিল শহরের টাউন সার্ভিসের সদর উপজেলার ৬০০ অটোরিক্সা চলাচল করা অনুমতি দিলে যানযট কম হবে। অটোরিক্সা যারা চালায় তারা গরীব, তাদের পূর্বের ইস্যুকৃত লাইসেন্স নবায়ন ফি কমানো হলে দ্রত লাইসেন্স নবায়ন করা যাবে মর্মে সংগঠনের নেতৃবৃন্দ জানান। অটোরিক্সার লাইসেন্স নবায়নের কার্যক্রম শুরু করলে সে'রকম সাড়া পাওয়া যায় না। তাই লাইসেন্স ফি কমানোর অনুরোধ জানান। টাউন সার্ভিস এবং টাউন সার্ভিসের বাহিরে চলাচলকারী অটোরিক্সার লাইসেন্স নবায়ন এবং নতুন ফি পুণ:নিধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | অটোরিক্সা সংগঠনের নেতৃবৃন্দের অনুরোধে টাউন সার্ভিসের (লাল, সবুজ) ও টাউন সার্ভিসের বাহিরে চলাচলকারী অটোরিক্সার লাইসেন্স পুন: নবায়ন ফি ১১০০+১৫% ভ্যাট ও নতুন ফি ২১০০+ ১৫% ভ্যাট নির্ধারণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভা:) ও লাইসেন্স পরিদর্শক, জয়পুরহাট পৌরসভা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০৪/২০২৫
(মোহা: সবুর আলী)
প্রশাসক
ও
সভাপতি
পৌর পরিষদ সদস্য সমন্বয়ে গঠিত কমিটি
জয়পুরহাট পৌরসভা।

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com

স্মারক নং জপৌস/সাধা/১ (০৭)২/২০২৫/২৮৫ (২৪)

তারিখ: ৮ বৈশাখ ১৪৩২
২১ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩-১০। পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটির সম্মানিত সদস্যবৃন্দ (সকল)।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
১২। সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
১৩। প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
১৪। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা।
১৫-২৩। শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।
২৪। দপ্তর নথি।

২০/৪/২০২৫
(আবু জাফর মো: রেজা)
পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:)
জয়পুরহাট পৌরসভা।

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com

পরিশিষ্ট: 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

তারিখ: ২১/০৪/২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ডা: মো: আল মামুন | সিভিল সার্জন, জয়পুরহাট্ | স্বাক্ষরিত |
| ২। | মোছা: রাহেলা পারভীন | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৩। | মো: আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৪। | মো: শাহ্ আলম | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৫। | মোছা: উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৬। | মো: রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৭। | মো: মমিনুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৮। | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |